Excellence in Sports

# বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।

www.bksp.gov.bd

নং-৩৪.০৪.০২০০.০০৪.০০.২৫০.১৩-২৭৭

তারিখঃ ০৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) পরিচালিত প্রমীলা প্রশিক্ষণার্থীদের উন্নয়ন শীর্ষক প্রকল্পের জন্য নিম্নে উল্লেখিত পদসমূহে (দুই বৎসর মেয়াদের জন্য) লোক নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বয়স | পদের সংখ্যা | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | সিনিয়র কোচ, ক্রিকেট (মহিলা/পুরুষ) | ৪৫ | ০১ | আলোচনা সাপেক্ষে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা বিসিবি/ এসিসি/আইসিসি/সিএ হতে সর্বনিম্ম লেভেল-২ কোচিং সার্টিফিকেট অর্জনকারী এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ক্রিকেট কোচ হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন;<br>তবে শর্ত থাকে যে, অধিক যোগ্যতা সম্পন্ন পার্থী অথবা জাতীয় দলের সাবেক বা বর্তমান প্রশিক্ষক ও খেলোয়াড় এর ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য; |
| ২। | সিনিয়র কোচ, ফুটবল (মহিলা/পুরুষ) | ৪৫ | ০১ | আলোচনা সাপেক্ষে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা বিএফএফ/ এএফসি হতে সর্বনিম্ম বি-কোচিং সার্টিফিকেট অর্জনকারী এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ফুটবল কোচ হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন;<br>তবে শর্ত থাকে যে, অধিক যোগ্যতা সম্পন্ন পার্থী অথবা জাতীয় দলের সাবেক বা বর্তমান প্রশিক্ষক ও খেলোয়াড় এর ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য; |
| ৩। | কোচ, ক্রিকেট (মহিলা/পুরুষ) | ৪০ | ০৩ | আলোচনা সাপেক্ষে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা আন্তর্জাতিক সংস্থা হতে কোচিং সার্টিফিকেট অর্জনকারী এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠানে কোচ হিসেবে কমপক্ষে ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন;<br>তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, ডিপ্লোমা ও বয়স শিথিলযোগ্য;<br>(ক) আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কোন কোচিং লেভেল/ কোর্স এ সার্টিফিকেট বা লাইসেন্স অর্জনকারী।<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কোচিং বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত;<br>(গ) জাতীয় দলের সাবেক বা বর্তমান প্রশিক্ষক;<br>(ঘ) আন্তর্জাতিক প্রতিযোগিতায় পদকপ্রাপ্ত; অথবা<br>(ঙ) জাতীয় দলের সাবেক বা বর্তমান কোন খেলোয়াড়; |
| ৪। | কোচ, ফুটবল (মহিলা/পুরুষ) | ৪০ | ০১ | আলোচনা সাপেক্ষে | |
| ৫। | কোচ, হকি (মহিলা/পুরুষ) | ৪০ | ০২ | আলোচনা সাপেক্ষে | |
| ৬। | কোচ, আর্চারি (মহিলা/পুরুষ) | ৪০ | ০২ | আলোচনা সাপেক্ষে | |
| ৭। | ফিজিও (মহিলা) | ৩৫ | ০১ | আলোচনা সাপেক্ষে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ফিজিওথেরাপিতে স্নাতক ডিগ্রীধারী অথবা ফিজিওথেরাপিতে ডিপ্লোমাসহ ক্রীড়া বিজ্ঞান বিষয়ে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |

চলমান পাতা-২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮। | প্রভাষক (নিয়মিত) (মহিলা/পুরুষ) বাংলা-০১ গণিত-০২ ইংরেজি-০২ বিজ্ঞান-০১ | ৩০ | ০৬ | আলোচনা সাপেক্ষে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীঃ তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না/ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ৯। | কম্পাউন্ডার (মহিলা) | ৩০ | ০২ | আলোচনা সাপেক্ষে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পাউন্ডারশীপ সার্টিফিকেট। |
| ১০। | কেয়ারটেকার (মহিলা) | ৩০ | ০১ | আলোচনা সাপেক্ষে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রীঃ এবং (খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন তিন বৎসরের অভিজ্ঞতা। |
| ১১। | গ্রাউন্ডসম্যান (মহিলা/পুরুষ) (ক্রি.-৪, ফু.-২ ও হকি-১ জন) | ৩০ | ০৭ | আলোচনা সাপেক্ষে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) গ্রাউন্ডসম্যান হিসাবে অন্যূন দুই বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১২। | হোস্টেল বেয়ারার (মহিলা) | ৩০ | ০৫ | আলোচনা সাপেক্ষে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ। |
| ১৩। | মেস ওয়েটার (মহিলা) | ৩০ | ০৪ | আলোচনা সাপেক্ষে | অষ্টম শ্রেণী পাস। |
| ১৪। | নিরাপত্তা প্রহরী (মহিলা) | ৩০ | ০৫ | আলোচনা সাপেক্ষে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ তবে শর্ত থাকে যে, সামরিক ও আধাসামরিক বাহিনী, পুলিশ বাহিনী এবং আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ১৫। | পরিচ্ছন্নতা কর্মী (মহিলা) | ৩০ | ০৪ | আলোচনা সাপেক্ষে | অষ্টম শ্রেণী পাসঃ তবে শর্ত থাকে যে, পেশাদার সুইপার শ্রেণীর প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে এবং উক্ত প্রার্থীগণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য হইবে। |

১। স্ব-হস্তে লিখিত নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি (৫x৫ সে.মি) সাইজের সত্যায়িত ছবিসহ মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ০৭/০২/২০২১ খ্রি: তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাইতে হইবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হইবে না।

২। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।

৩। ৩১/০১/২০২১ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করিতে হইবে।

৪। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।

৫। ক্রমিক নং ১ হতে ৮ পর্যন্ত বর্ণিত পদের অনুকূলে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ক্রমিক নং ০৯-১৫ পর্যন্ত পদের অনুকূলে আবেদনকারীকে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লিঃ -এর যে কোন শাখা হইতে মহাপরিচালক, বিকেএসপি -এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হইবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৬। ক্রমিক নং ১ হতে ১০ পর্যন্ত বর্ণিত প্রার্থীদের লিখিত পরিক্ষায় উত্তীর্ণদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহবান করা হইবে। ক্রমিক নং ১১-১৫ পর্যন্ত প্রার্থীদের মৌখিক ও প্রয়োজন সাপেক্ষে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরিক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সকল সনদের মূল কপি দেখাইতে হইবে।

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হইবে।

মহাপরিচালক
বিকেএসপি।